


# যুগান্তর

## প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নিতে হবে শিক্ষকদের

-ইউজিসি চেয়ারম্যান

প্রকাশ : ০১ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নিতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ। দ্রুত বিকাশমান ও পরিবর্তনশীল প্রযুক্তির সঙ্গে তাল মেলাতে না পারলে শিক্ষক সমাজ পিছিয়ে যেতে পারে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন। প্রযুক্তিনির্ভর চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষকদের ব্যাপক ভূমিকা রাখার সুযোগ আছে বলে তিনি মন্তব্য করেন।

বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা সভায় বৃহস্পতিবার তিনি এসব কথা বলেন। ইউজিসিতে ওই সভা আয়োজন করে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন জাতীয় কমিটি। কমিটির সমন্বয়ক ও জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রণয়ন কমিটির সদস্য অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক ও গ্লোবাল ক্যাম্পেইন ফর এডুকেশনের প্রতিনিধি রাশেদা কে চৌধুরী, পরিকল্পনা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. শামসুল আলম, উনুত্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এমএ মান্নান এবং ইউসেপ বাংলাদেশের নির্বাহী পরিচালক তাহসিনা আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। ইউজিসি চেয়ারম্যান বলেন, শিক্ষকরা হচ্ছে জাতির পথপ্রদর্শক। তারা সঠিক কাজ করতে না পারলে সমাজ অন্যভাবে চালিত হবে। একজন ভালো শিক্ষক সমাজে কাজক্ষিত পরিবর্তন আনতে পারেন বলে তিনি মনে করেন। শিক্ষকদের শতভাগ অঙ্গীকারাবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, শিক্ষকরা দেশের ভবিষ্যৎ নির্দেশনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। রাশেদা কে চৌধুরী প্রাথমিক শিক্ষার মান বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রাথমিক শিক্ষার মান ভালো না হওয়ার কারণে শিক্ষার উপরের স্তরের মান কাজক্ষিত হচ্ছে না। যার ফলে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে কাজক্ষিত ফল পাচ্ছে না। সমাজে শিক্ষকদের মর্যাদা নিশ্চিত করার পাশাপাশি শিক্ষকদের তিনি গাইড বই পড়ানো ও কোচিং থেকে বিরত থাকার আহ্বান জানান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।